

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 23-05-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

PM-Rojgar Mela :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় ভিডিও কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সরকারি দপ্তর ও সংস্থায় নবনিযুক্ত ৫১ হাজারেরও বেশি যুবক-যুবতীদের মধ্যে নিয়োগপত্র বিতরণ করবেন। এই উপলক্ষে তিনি নতুন কর্মপ্রার্থীদের উদ্দেশ্যে ভাষণও দেবেন। ১৯তম রোজগার মেলা সারাদেশের ৪৭টি স্থানে একযোগে অনুষ্ঠিত হবে। দেশের সমস্ত অঞ্চল থেকে নির্বাচিত নতুন নিয়োগপ্রাপ্ত প্রার্থীরা রেল মন্ত্রক, স্বরাষ্ট্র মন্ত্রক, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক, আর্থিক পরিষেবা বিভাগ, উচ্চশিক্ষা বিভাগ সহ ভারত সরকারের বিভিন্ন মন্ত্রক ও বিভাগে যোগদান করবেন।

Ratan Lal Nath :

কৃষিমন্ত্রী রতন লাল নাথ বলেছেন রাজ্যে অয়েল পাম চাষের সফল বাস্তবায়ন ও সম্প্রসারণে রাজ্য সরকার সর্বাঙ্গিক সহযোগিতা করবে। গতকাল ত্রিপুরায় অয়েল পাম চাষের অগ্রগতি ও ভবিষ্যৎ সম্প্রসারণ নিয়ে গোদরেজ অ্যাগ্রোভেট এর একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদলের সাথে আয়োজিত সভা শেষে একথা বলেন তিনি। সভায় মূলত উনকোটি, ধলাই এবং উত্তর জেলায় চলমান অয়েল পাম চাষ প্রকল্পগুলির অগ্রগতি নিয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় নালকাঁটায় অয়েল পাম প্রক্রিয়াকরণ কারখানা স্থাপন, উন্নত মানের বীজ উৎপাদন ও সিড গার্ডেন তৈরি, অয়েল পাম চাষে সার বরাদ্দ বৃদ্ধি এবং সরকারি উদ্যান ও চা-বাগানে অয়েল পাম সম্প্রসারণের সম্ভাবনা নিয়েও আলোচনা করা হয়।

Padma Awards :

ভারত সরকারের সর্বোচ্চ অসামরিক পুরস্কার পদ্ম পুরস্কারের জন্য আবেদনপত্র আহ্বান করা হয়েছে। এর মধ্যে রয়েছে পদ্ম বিভূষণ, পদ্ম ভূষণ এবং পদ্মশ্রী পুরস্কার। ২০২৭ সালে প্রজাতন্ত্র দিবস উপলক্ষে ভারত সরকারের পদ্ম পুরস্কার পাওয়ার জন্য অনলাইনে আবেদন করতে হবে। পদ্ম পুরস্কারের জন্য সুপারিশ বা আবেদন রাষ্ট্রীয় পুরস্কার awards.gov.in এই পোর্টালের মাধ্যমেই অনলাইনে গ্রহণ করা হবে। আবেদন করার জন্য এই বিষয়ে যাবতীয় নির্দেশিকা পোর্টালে পাওয়া যাবে। অনলাইনে আবেদন করার জন্য নির্ধারিত আবেদনপত্র এবং বিস্তারিত তথ্য এই পোর্টালে পাওয়া যাবে। আগামী ৩১ জুলাই, এর মধ্যে অনলাইনে পাঠানো আবেদন বা সুপারিশগুলিই গ্রহণ করা হবে।

National Awards for Empowerment of PWD :

দেশের দিব্যাপ্রজনদের অসামান্য কৃতিত্ব এবং তাঁদের ক্ষমতায়নে নিয়োজিত প্রতিষ্ঠানগুলিকে সম্মান জানাতে ভারত সরকারের সামাজিক ন্যায়বিচার ও ক্ষমতায়ন মন্ত্রক ‘জাতীয় পুরস্কার ২০২৬’-এর আবেদন প্রক্রিয়া শুরু করেছে। প্রতি বছর তেসরা ডিসেম্বর ‘আন্তর্জাতিক প্রতিবন্ধী দিবস’ উপলক্ষে এই মর্যাদাপূর্ণ বেসামরিক স্বীকৃতিটি প্রদান করা হয়। গত ১৫ই মে থেকে এই পুরস্কারের জন্য রাষ্ট্রীয় পুরস্কার পোর্টাল www.awards.gov.in -এ অনলাইন আবেদন গ্রহণ শুরু হয়েছে। মনোনয়ন বা আবেদনপত্রগুলো শুধুমাত্র অনলাইনেই জমা দিতে হবে এবং পোর্টালটি ৩১শে জুলাই পর্যন্ত খোলা থাকবে। পুরস্কারের বিশদ নির্দেশিকা সংশ্লিষ্ট বিভাগের ওয়েবসাইট www.depwd.gov.in -এ পাওয়া যাবে। সরকারের পক্ষ থেকে যোগ্য ব্যক্তি ও প্রতিষ্ঠানসমূহকে এই কর্মসূচিতে অংশ নেওয়ার আহ্বান জানানো হয়েছে।

Joint Entrance Board :

ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স পরীক্ষার ফলাফল গতকাল প্রকাশিত হয়েছে। আগরতলায় শিক্ষা ভবনে সাংবাদিক সম্মেলনে ত্রিপুরা জয়েন্ট এন্ট্রান্স বোর্ডের চেয়ারম্যান ডঃ শুভদীপ পাল জানান, কাট অফ মার্ক অনুযায়ী পিসিএম গ্রুপের মেধা তালিকায় রয়েছে ১ হাজার ৭৪৫ জন এবং পিসিবি গ্রুপে ৩ হাজার ৬৮৪ জন। পিসিএম গ্রুপে প্রথম হয়েছেন শ্রীকৃষ্ণ মিশন স্কুলের অর্ঘ্যজ্যোতি সাহা, দ্বিতীয় বিলোনিয়া সরকারি ইংরেজি মাধ্যম স্কুলের অনিমেশ সরকার ও তৃতীয় শিশু বিহার স্কুলের আকাশ চৌধুরী। পিসিবি গ্রুপে প্রথম মডার্ন হাই সেকেন্ডারি স্কুলের বৈভব রায়, দ্বিতীয় শিশু বিহার স্কুলের আকাশ চৌধুরী ও তৃতীয় শিশু বিহার স্কুলেরই ছাত্র অর্ঘব মিত্র।

Maan Ki Baat :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর ‘মন-কি-বাত’ অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে ‘মন-কি-বাত’-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা ‘মন-কি-বাত’-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

Enrollment to Advocates :

হাইকোর্ট প্রাপ্তগে গতকাল ১০৯ জন আইনজীবীকে সনদ দিল ত্রিপুরা হাইকোর্ট বার কাউন্সিল। বার কাউন্সিলের চেয়ারম্যান আইনজীবী রতন দত্ত জানান,

আজ থেকে এই ১০৯ জন আইনজীবী আদালতে প্র্যাকটিস শুরু করতে পারবেন।

Sudhanshu Das :

প্রাণিসম্পদ বিকাশ মন্ত্রী সুধাংশু দাস বলেছেন মুখ্যমন্ত্রী প্রাণী পালক সম্মাননিধি প্রকল্পে রাজ্যে প্রাণী পালকদের বিভিন্ন আর্থিক সহায়তা প্রদান, প্রাণীদের বীমার ব্যবস্থা করা ও মোবাইল ভেটেরিনারি ইউনিটের ব্যবস্থা করা হয়েছে। গতকাল সিপাহীজলা জেলার মধুপুরে প্রাণী চিকিৎসালয়ের উদ্বোধন করে তিনি একথা বলেন। গত বছরের এপ্রিল মাসে এই প্রাণী চিকিৎসা কেন্দ্রটির নির্মাণ কাজ শুরু হয়েছিল। সময়ের মধ্যে কাজ সম্পন্ন হওয়ায় সন্তোষ ব্যক্ত করেছেন মন্ত্রী শ্রী দাস।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে দিনের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৮.১ ডিগ্রি সেলসিয়াস।
